### ৫ম উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর ৫২তম (অক্টোবর ২০২৩খ্রি. মাসের) সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ শাহিদ মাহমুদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

তারিখ ঃ ১৯ অক্টোবর ২০২৩খ্রিস্টাব্দ।

সময় ঃ বেলা ১১.৩০ ঘটিকা।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, নীলফামারী সদর, নীলফামারী।

উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

অনুপস্থিতি ঃ পরিশিষ্ট 'খ' দ্রষ্টব্য।

সভার শুরুতে উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার নীলফামারী সদর গত ২১-০৯-২০২৩খ্রি. তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীতে আর কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১.উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, নীলফামারী সদর উপজেলায় ৪৬টি কমিউনিটি ক্লিনিক এবং ২টি ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র সপ্তাহে ৬দিন খোলা রেখে প্রান্তিক জনগোষ্ঠিকে চিকিৎসাসেবা প্রদান করা হচ্ছে এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নন-ডিজিজ কন্ট্রোল রোগীদের চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। | ১। প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। মাঠ পর্যায়ে কর্মরত জনবলের মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠিকে চিকিৎসাসেবা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>৩। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নন-ডিজিজ কন্ট্রোল রোগীদের চিকিৎসা সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা নীলফামারী সদর। |
| ০২.উপজেলা কৃষি বিভাগঃ উপজেলা কৃষি অফিসার জানান যে, কৃষি সম্পসারণ অধিদপ্তর, নীলফামারী সদরের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। চলতি মৌসুমে বিভিন্ন ফসল নির্বিঘ্নে ঘরে তোলার জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নীলফামারী সদরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ কৃষক পরামর্শ প্রদান করে যাচ্ছে। বাজারে রাসায়নিক সারসহ অন্যান্য কৃষি উপকরণ সরবরাহ স্বাভাবিক পর্যায়ে রয়েছে। অক্টোবর ২০২৩ মাসের ইউরিয়া সারের বরাদ্দ ১৮৭ মেঃটন, টিএসপি সারের বরাদ্দ ২৪৩.৮৫ মেঃ টন, এমওপি সারের বরাদ্দ ৩৭৪ মেঃ টন ও ডিএপি সারের বরাদ্দ ৭২৬.০৫ মেঃ টন। তিনি আরও জানান যে, গত ২০/১০/২০২৩খ্রি. তারিখ পর্যন্ত ইউরিয়া সারের মজুদ ৫৭০ মেঃ টন, টিএসপি সারের মজুদ ১১০.৩৫ মেঃ টন, এমওপি সারের মজুদ ২৪০.৭৫ মেঃ টন ও ডিএপি সারের মজুদ ৪১৭.১০ মেঃ টন।<br>কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নীলফামারী সদরের রোপা আমন ধানের লক্ষ্যমাত্রা ২৮২০৫হেঃ, অর্জন ২৮২০৭হেঃ, কর্তন হয়েছে ৪২৩০ হেঃ এবং হেক্টরে গড় ফলন ৩.১৬ মে. টন। গ্রীষ্মকালীন পেঁয়াজের লক্ষ্যমাত্রা ১৩হেঃ, অর্জন ১৩ হেঃ। শাকসবজি লক্ষ্যমাত্রা ৩৫০ হেঃ, অর্জন ৩৫০ হেঃ, সরিষা লক্ষ্যমাত্রা ৩৪০০ হেঃ, অর্জন ০১ হেঃ। আখ লক্ষ্যমাত্রা ৫০ হেঃ, অর্জন ১০ হেঃ এবং আলু লক্ষ্যমাত্রা ৭৬০০ হেঃ, অর্জন হয়েছে ৫৫০ হেঃ।<br>এ পর্যায়ে চেয়ারম্যান, ১৫ নং লক্ষীচাপ ইউনিয়ন পরিষদ জানান যে, তার ইউনিয়ন পরিষদ সংলগ্ন একটি সীড স্টোর দীর্ঘ বছর হতে জরাজীর্ণ অবস্থায় রয়েছে। যা অপসারণের জন্য তিনি উপজেলা কৃষি অফিসারকে বিশেষভাবে অনুরোধ করেন। | ১। রাসায়নিক সার ও কীটনাশকের দর স্থিতিশীল রাখতে নিয়মিত বাজার পরিদর্শন অব্যাহত রাখতে হবে।<br>২। চলতি রবি মৌসুমে লক্ষ্যমাত্রা অনুযায়ী ফসল উৎপাদন অর্জন করতে হবে এবং রোগ বালাই দমনে কৃষকদের পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে।<br>৩। লক্ষীচাপ ইউনিয়ন পরিষদ সংলগ্ন জরাজীর্ণ সীড স্টোরটি সরেজমিন পরিদর্শনপূর্বক অপসারণের জন্য উপজেলা কৃষি অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার নীলফামারী সদর। |
| ০৩. উপজেলা মৎস্য বিভাগঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বার্ষিক কর্মসম্পাদন (এপিএ) চুক্তির আওতায় ১৪টি কর্মসম্পাদন সূচকের কার্যক্রম চলমান এবং বার্ষিক কর্মসম্পাদন (এপিএ) চুক্তির আওতায় সেপ্টেম্বর/২০২৩ মাসে ১৮ জন মৎস্য চাষিকে পানি পরীক্ষা, পুকুর পরিদর্শনসহ পরামর্শ প্রদান করা হয়েছে। পিরানহা, আফ্রিকান মাগুর মাছ এবং কারেন্ট জাল ও চায়না দুয়ারী জাল নিষিদ্ধকরনে নিয়মিত বাজার পরিদর্শনসহ অভিযান পরিচালনার মাধ্যমে ৪০কেজি আফ্রিকান মাগুর মাছ ও ৪০০০ ফিট কারেন্ট জাল জব্দ ও বিনষ্ট করা হয়েছে। নীলফামারী সদর উপজেলায় নিরাপদ মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মৎস্য খাদ্যের গুনগতমান পরীক্ষায় নীলসাগর এগ্রো ফিড ও মেগা ফিড টেস্টের জন্য পরীক্ষাগারে পাঠানো হয়েছে। | ২। মৎস্য চাষিদেরকে নিয়মিত পরামর্শ/ প্রশিক্ষণ প্রদান করতে হবে।<br>২। আগামী ০২-১১-২০২৩ তারিখ পর্যন্ত ইলিশ মাছ সংরক্ষণ, বিক্রয় ও ক্রয় বন্ধে মৎস্য আইন অনুযায়ী হাট-বাজারসমূহে নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা নীলফামারী সদর। |

চলমান

| | | |
|---|---|---|
| এছাড়াও রাজস্ব বাজেটের আওতায় নীলফামারী সদর উপজেলার নীলসাগর দিঘীতে ৩১৭.৫০কেজি রুই জাতীয় মাছের পোনা অবমুক্ত করা হয়েছে। মৎস্য আইন অনুযায়ী গত ১২-১০-২০২৩খ্রি. তারিখ হতে আগামী ০২-১১-২০২৩খ্রি. তারিখ পর্যন্ত মোট ২২দিন ইলিশ মাছ সংরক্ষণ, বিক্রয় ও ক্রয় নিষিদ্ধ ঘোষনা করা হয়েছে। উক্ত আইন বাস্তবায়নে বিভিন্ন হাট-বাজারে অভিযান পরিচালনা করা হবে। | | |
| ০৪. উপজেলা প্রাণি সম্পদ বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা নীলফামারী সদর |
| ০৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, নীলফামারী সদর উপজেলায় বর্তমানে সক্ষম দম্পতি ১,০৭,০৪৬জন, পরিবার পরিকল্পনা গ্রহণকারী ৮৮৫২০জন, পদ্ধতি গ্রহণকারীর হার ৮২.৬৯%, মোট গর্ভবতী ৩৬৬৩জন, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে স্বাভাবিক প্রসব ৪২ জন এবং মা ও শিশু কল্যাণ কেন্দ্রে ৩৭জন। এছাড়াও পরিবার পরিকল্পনা বিভাগ হতে সেপ্টেম্বর ২০২৩ মাসে খাবার বড়ি ৩১,৭৬০ চক্র, আপন ১০১৩ চক্র, কনডম ১৬,১৬০ পিস, ইনজেকশন ৩৯৩ ভায়াল, আইইউডি ৩৭ জন, ইমপ্ল্যান্ট ৬৫ জন ও ইসিপি ১১ জনকে প্রদান করা হয়েছে। এছাড়াও ০৮জন পুরুষ ও ০২জন মহিলাকে স্থায়ী পদ্ধতি পদান করা হয়েছে।<br>এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, পরিবার পরিকল্পনা বিভাগের মাঠ পর্যায়ের জনবলের মাধ্য শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন করার জন্য সাধারণ জনগণকে উৎসাহ প্রদান করতে হবে এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে নিবন্ধন কার্যক্রমে সহায়তা প্রদানের জন্য বলেন। | ১। মাঠ পর্যায়ে কর্মরত জনবলের মাধ্যমে জনসাধারণকে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণ, স্বাভাবিক প্রসবের বিষয়ে উৎসাহ প্রদান<br>২। মাঠ পর্যায়ে কর্মরত জনবলের মাধ্যমে শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন করার জন্য জনগণকে উৎসাহ প্রদান করতে হবে এবং জন্ম নিবন্ধন কার্যক্রমে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে সহায়তা করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা নীলফামারী সদর |
| ০৬. উপজেলা প্রকৌশল বিভাগঃ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৬ষ্ঠ পর্যায়ের বরাদ্দকৃত অর্থে মাধ্যমিক বিদ্যালয়ে উচুঁ-নিচুঁ বেঞ্চ সরবরাহকরণ এবং কমিউনিটি ক্লিনিকের সাথে নতুন ৩টি ডেলিভারি রুম নির্মানের প্রস্তাব প্রকল্প কার্যালয় কর্তৃক অনুমোদিত হয়েছে। প্রকল্প দুটি বাস্তবায়নের জন্য ইজিপি'র মাধ্যমে দরপত্র আহবান করা হয়েছে। অতিশীঘ্রই ঠিকাদার নির্বাচন কার্যক্রম সম্পন্ন করে কার্যাদেশ প্রদান করা হবে। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প কার্যালয় হতে প্রকল্প দুটি বাস্তবায়নের জন্য ইজিপি'র মাধ্যমে ঠিকাদার নির্বাচন কাজ সম্পন্ন করতে হবে। | উপজেলা প্রকৌশলী নীলফামারী সদর। |
| ০৭. উপজেলা সমাজসেবা বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, সকল প্রকার ভাতাভোগীর পে-রোল প্রেরণ করা হয়েছে। তিনি আরও জানান যে, একটি প্রতারক চক্র ভাতাভোগীদের মোবাইলের OTP নম্বর সংগ্রহ করে কৌশলে ভাতার অর্থ হাতিয়ে নিচ্ছে। ভাতাভোগীদের মোবাইলের OTP নম্বর কারো সাথে যাতে শেয়ার না করে, সে বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির জন্য তিনি সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | ১। প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। ভাতাভোগীদের মোবাইলের OTP নম্বর কারো সাথে যাতে শেয়ার না করে, সে বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির জন্য সকল ইউপি চেয়ারম্যান প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ১। উপজেলা সমাজসেবা অফিসার নীলফামারী সদর।<br>২। চেয়ারম্যান সকল ইউপি নীলফামারী সদর |
| ০৮. উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সেপ্টেম্বর ২০২৩ মাস পর্যন্ত সম্পাদিত কার্যক্রমসমূহের তথ্যাদি নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।<br>ঋণ বিতরণ ঃ<br>শুরু হতে সেপ্টেম্বর/২০২৩ পর্যন্ত ঃ আত্মকর্ম ২,০২,৪৫,৯০০/-<br>৭৩১ জন<br>শুরু হতে সেপ্টেম্বর/২০২৩ পর্যন্ত ঃ পরিবার ভিত্তিক ১৪,৪০,০০০/-<br>১২০ জন<br>শুরু হতে সেপ্টেম্বর/২০২৩ পর্যন্ত ঃ উত্তরবঙ্গ প্রকল্প ১,২৮,৩৫,০০০/-<br>৪২৭ জন<br>শুরু হতে সর্বমোট বিতরণ ঃ ৩,৪৫,২০,৯০০/-<br>১২৭৮জন<br>২। ঋণ বিতরণ ঃ চলমান অর্থবছরে ঃ আত্মকর্ম ৩,৮৫,০০০/-টাকা ০৭ জন পরিবার ০১টি কেন্দ্রের ৪০ জন (প্রস্তাবিত) উত্তরবঙ্গ প্রকল্প সমাপ্ত। নোট অপ্রাতিষ্ঠানিক ঋণের ১৫ (পনের) টিফাইল প্রস্তত করা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নির্দেশনা মোতাবেক বিতরণ কার্যক্রম সম্পন্ন করা হবে।<br>৩। (ক) প্রশিক্ষণ (উপজেলায়) ঃ শুরু হতে সেপ্টেম্বর/২০২৩ পর্যন্ত ঃ আত্মকর্ম ঃ ৫৭৫৮জন | ১। বেকার যুবকদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে।<br>২। উপজেলা সমাজসেবা অফিসের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের দোতলার কক্ষ বরাদ্দের বিষয়ে উপজেলা সমাজসেবা অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>৩।উপজেলা পরিষদের পুরাতন প্রশাসনিক ভবনে অবস্থিত যুব উন্নয়ন অফিসের একটি কক্ষের জানালা জরুরি ভিত্তিতে মেরামতের জন্য উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ১। উপজেলা প্রকৌশলী নীলফামারী সদর।<br>২। উপজেলা সমাজসেবা অফিসার নীলফামারী সদর<br>৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর |

চলমান

CamScanner

| | | |
|---|---|---|
| শুরু হতে সেপ্টেম্বর /২০২৩ পর্যন্ত ঃ উত্তরবঙ্গ প্রকল্প ঃ ১৪০০ জন<br>মোট প্রশিক্ষণ ঃ ৪১৫৮ জন।<br>(খ) প্রশিক্ষণ (জেলা ও কেন্দ্রে) সার্কুলার অনুযায়ী অসংখ্য ট্রেডে (৮২এরঅধিক) প্রশিক্ষণ চলমান) (গ) ইম্প্যাক্ট প্রকল্পের আওতায় বায়ো গ্যাসপ্লান্ট স্থাপন বিষয়ক ০২টি ব্যাচ = ৪০ জন (প্রস্তাবিত)।<br>৪। প্রশিক্ষণ ঃ চলমান অর্থবছরে ঃ ৯০ জন। (প্রস্তাবিত মোট = ৫০০ জন)<br>৫। আত্মকর্মসৃজন ঃ শুরু হতে সেপ্টেম্বর/২০২৩ পর্যন্ত মোট = ৩২৮২ জন। চলমান অর্থবছরে ঃ ৩৪ জন।<br>৬। যুবসংগঠন ঃ রেজিস্ট্রেশন প্রাপ্ত ৩৪ টি।<br>** বিশেষ কার্যক্রম ঃ ক) যুবসংগঠন সমূহের সহযোগীতায় পৌরসভা এবং উপজেলা পর্যায়ে জনসচেতনতা ও বহুবিধ সমাজ উন্নয়নমূলক প্রোগ্রামসমূহ সম্পন্ন করা হয়েছে, যার সংখ্যা আনুমানিক ৩০ টি।<br>খ) গত অর্থবছরে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের দপ্তর হতে প্রেরিত ৩৬টি প্রতিষ্ঠান ও সংস্থার প্রত্যয়নের লক্ষ্যে তদন্ত প্রতিবেদন পেশ করার নির্দেশনাছিল। সবগুলির তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়েছে। উল্লেখ্য এদের ভিতরে কয়েকটি প্রতিষ্ঠান সঠিকভাবে কাজ না করায় নাসূচক প্রতিবেদন প্রদান করা হয়েছিল। এদের থেকে কিছুটা চাপ উপজেলা যুব উন্নয়ন দপ্তর অনুভব করে।<br>** কক্ষ বরাদ্দ সংক্রান্ত ঃ উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের দোতলার বরাদ্দের বিষয়টি অমিমাংসিত রয়ে গেছে। আপাততঃ দোতলার ১ম কক্ষটি (সিড়ির সামনে) দ্রুত বরাদ্দ পেলে প্রশিক্ষণ কার্যক্রম ও ইমপ্যাক্ট কার্যক্রম পরিচালনা করা তরান্বিত হতো।<br>* উপজেলা পরিষদের পুরাতন প্রশাসনিক ভবনে অবস্থিত যুব উন্নয়ন অফিসের একটি কক্ষের জানালা জরুরি ভিত্তিতে মেরামত করার জন্য উপজেলা পরিষদের দৃষ্টি আকর্ষন করেন। | | |
| ০৯. মহিলা বিষয়ক অধিদপ্তরঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপপরিচালক/প্রোগ্রাম অফিসার মহিলা বিষয়ক অধিদপ্তর নীলফামারী। |
| ১০. জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ উপসহকারী প্রকৌশলী জানান যে, চলমান ২০২৩-২০২৪ অর্থবছরে "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় ৫ম পর্যায়ে ৩৯০টি অগভীর নলকূপ স্থাপন কাজ চলমান রয়েছে। মুজিব শতবর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য ৪র্থ ধাপে অগভীর নলকূপের স্থাপন কাজ সমাপ্ত হয়েছে। অনুমোদিত সরকারি প্রাথমিক বিদ্যালয় গুলোতে জিপিএস/ এনএনজিপিএস/পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ওয়াশব্লক নির্মাণ এবং টিএসপি স্থাপন কাজ চলমান। এছাড়াও দপ্তরের বাকী সকল কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। | চলমান কাজসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী ডিপিএইচই নীলফামারী সদর। |
| ১১. উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ ভারপ্রাপ্ত উপজেলা শিক্ষা অফিসার জানান যে, নীলফামারী সদর উপজেলার ২০৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ১০৫০জন শিক্ষকের প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। ৫৭টি প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে। গ্রেডেশন তালিকা অনুযায়ী সহকারী শিক্ষকদের উক্ত পদে পদন্নতি প্রদান করা হবে। তিনি আরও জানান যে, যেসব প্রাথমিক বিদ্যালয়ে ভোট কেন্দ্র হিসেবে নির্ধারণ করা হয়েছে, সেসব বিদ্যালয় মেরামতের জন্য চাহিদা প্রেরণ করা হয়েছে। | ১। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন করতে হবে।<br>২। প্রধান শিক্ষকের শূন্য পদে বিধিমোতাবেক সহকারী শিক্ষকদের পদন্নতি প্রদান করতে হবে।<br>৩। ভোট কেন্দ্র হিসেব ব্যবহার হবে এরুপ প্রতিষ্ঠান দ্রুত মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার নীলফামারী সদর |
| ১২. উপজেলা সমবায় বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। আগামী ৪নভেম্বর সমবায় দিবস উদযাপনের প্রস্তুতি চলছে। আশ্রয়ণ প্রকল্পসমূহে সমিতি গঠনের কার্যক্রম চলমান রয়েছে। | ১। প্রতিমাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। আশ্রয়ণ প্রকল্পসমূহে সমিতি গঠনের কার্যক্রম সম্পন্ন করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা নীলফামারী সদর। |
| ১৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, পারফরমেন্স বেজড ফর সেকেন্ডারী ইন্সটিটিউশনস এর ২য় পর্যায়ে অনুদানের জন্য ৩৬টি প্রতিষ্ঠানের চুড়ান্ত তালিকা ঢাকায় প্রেরণ করা হয়েছে এবং তন্মধ্যে ১৪টি প্রতিষ্ঠান নির্বাচিত হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন প্রক্রিয়া চলমান রয়েছে এবং অনলাইন এমপিও সুপারিশ প্রক্রিয়া চলমান রয়েছে। | মাধ্যমিক শিক্ষার মান উন্নয়নে বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শন/পাঠদান মনিটরি করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নীলফামারী সদর। |

চলমান

CamScanner

| | | |
|---|---|---|
| **১৪. উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ** কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, টিসিবি তালিকা দাখিলের জন্য ১২/৮/২০২৩ তারিখ পত্র প্রেরণ করা হয়েছে। কিন্তু অদ্যাবধি অনেক ইউপি হতে তালিকা পাওয়া যায়নি। দ্রুত তালিকা দাখিলের জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। তিনি আরও জানান যে, আসন্ন সারদীয় দুর্গা পূজা উপলক্ষে বরাদ্দকৃত চালের ডিও আগামী ২১/১০/২০২৩ তারিখ মাননীয় সংসদ মহোদয়ের উপস্থিতিতে বিতরণ করা হবে। উক্ত তারিখে তিনি সকল কর্মকর্তা ও সকল ইউপি চেয়ারম্যানগণকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। | ১। প্রতিমাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। মাননীয় সংসদ মহোদয়ের উপস্থিতিতে আসন্ন সারদীয় দুর্গা পূজা উপলক্ষে বরাদ্দকৃত চালের ডিও বিতরণ অনুষ্ঠান সফল করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| **১৫. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, নীলফামারী সদর কর্তৃক ছয়টি প্রকল্প/ কর্মসূচি চলমান রয়েছে। বর্তমানে ৩৫.৪৯ লক্ষ টাকা সঞ্চয় এবং ১৭.৭২ লক্ষ টাকা শেয়ার জমা রয়েছে। আয় বর্ধনমূলক কর্মকান্ডের জন্য এ উপজেলায় ৮২৬.৫০ লক্ষ টাকা আদায় রয়েছে, আদায়ের হার ৮১% এবং ঋণ কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | ১। চলমান প্রকল্পসমূহের কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>২। ঋণ আদায়ের হার বৃদ্ধি করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| **১৬. বন বিভাগঃ** কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতিমাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা সামজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, নীলফামারী। |
| **১৭. উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ বিভাগঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় নিম্নোক্তভাবে তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন।<br>(১) **খাদ্যগুদামে বর্তমান মজুদঃ**<br>চাল - ৮১৩০.০০০ মেঃ টন, ধান- ০ মেঃ টন, গম- ০ মেঃ টন<br>(২) **সংগ্রহ কার্যক্রম** ঃ বোরো চাল/ধান সংগ্রহ/২০২৩ সমাপ্ত হয়েছে।<br>(৩) **বিলি/বিতরণ** ঃ জিআর, ইপি,ওপি, ভিডব্লিউবি, ভিজিএফ, ওএমএস ও টিসিবি খাতে খাদ্যশস্য বিলি/বিতরণ চলছে।<br>(৪) **বাজারদর ঃ** ধান - ২৯/- থেকে ৩০/- প্রতি কেজি দর<br>চাল - ৪৩/- থেকে ৪৪/- প্রতি কেজি দর<br>গম - ৪৮/- থেকে ৫০/- প্রতি কেজি দর<br>আটা - ৫৫/- থেকে ৫৮/- প্রতি কেজি দর<br>লবণ- ৩৫/- থেকে ৪০/- প্রতি কেজি দর<br>চিনি - ১৪০/- থেকে ১৫০/- প্রতি কেজি দর<br>ডাল (মসুর)- ১১০/- থেকে ১৪০/- প্রতি কেজি<br>দর সয়াবিন তেল - ১৯০/- থেকে ১৯৫/- প্রতি কেজি<br>দর<br>(৫) **ওএমএস কার্যক্রম** ঃ বর্তমানে জেলা সদরে ওএমএস কার্যক্রম চলমান আছে। নীলফামারী পৌরসভার ৯ টি ওয়ার্ডে ওএমএস কার্যক্রমে শুক্রবার, শনিবার ও সরকারি ছুটির দিন বাদে সপ্তাহে ৫ দিন সকাল ৯ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত দৈনিক ৫টি বিক্রয়কেন্দ্রে ১.০০০ মেঃ টন করে আটা ও ১.০০০ মেঃ টন করে চাল বিক্রিয় করা হচ্ছে। প্রতি কেজি আটা ২৪/- (চব্বিশ) টাকা এবং প্রতি কেজি চাল ৩০/- (ত্রিশ) টাকা।<br>(৬) **ভিডব্লিউবি কার্যক্রমঃ** ২০২৩-২০২৪ অর্থ বছরের ভিডব্লিউবি খাতে জুলাই/২৩ মাসে সাধারণ চাল , আগষ্ট/২৩ মাসে পুষ্টি চাল ও সেপ্টেম্বর/২৩ মাসে সাধারণ চাল সরবরাহ করা হয়েছে। অক্টোবর/২৩ মাসের প্রিমিক্স কার্ণেল/চালের বরাদ্দ অদ্যাবধি পাওয়া নি।<br>(৭) **চাল/ধান সংগ্রহ/২০২৩ঃ**<br>অভ্যন্তরীণ বোরো ধান ও চাল সংগ্রহ/২০২৩ কার্যক্রম গত ২১ সেপ্টেম্বর ২০২৩খ্রিঃ সমাপ্ত হয়েছে। প্রতি কেজি চালের সংগ্রহ মূল্য ৪৪/- (চুয়াল্লিশ) টাকা এবং প্রতি কেজি ধানের সংগ্রহ মূল্য ৩০/- (ত্রিশ) টাকা। নির্ধারিত সময়ে উপজেলায় ১৬৯৪২.১৭০ মেঃ টন বোরো চাল (পুনঃবরাদ্দ সহ) ও ৯৯৭.০০০ মেঃ টন ধান সংগ্রহ করা হয়েছে। অচিরেই আমন সংগ্রহ/২০২৩ শুরু হবে। | সকল প্রকার বিলি/ বিতরণ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক নীলফামারী সদর। |

চলমান

| | | |
|---|---|---|
| (৮) **ওএমএস কার্যক্রমঃ**<br>নীলফামারী জেলা সদরে ওএমএস কার্যক্রমে কার্ডের মাধ্যমে চাল ও আটা বিক্রয়ের সরকারি নির্দেশনা পাওয়া যায়। বিক্রয় কেন্দ্রে স্ব-শরীরে উপস্থিত ভোক্তাদের নিকট হতে প্রাপ্ত এনআইডি নিয়ে তালিকা প্রস্তুত ও ওএমএস কার্ড তৈরীর কার্যক্রম চলমান রয়েছে। ভোক্তা ওএমএস কার্ড দিয়ে প্রতি সপ্তাহে একবার চাল ও আটা ক্রয় করতে পারবে। এছাড়াও জুলাই/২৩ হতে সারাদেশে ১ কোটি ভোক্তাকে টিসিবি ডিলারের মাধ্যমে ওএমএস খাতের চাল (ভোক্তা প্রতি মাসে ৫ কেজি) বিক্রয় কার্যক্রম অব্যাহত আছে। অক্টোবর/২৩ মাসের ওএমএস টিসিবি খাতের বরাদ্দ প্রাপ্তির পর অদ্যাবধি ৬টি ইউনিয়নের অনুকূলে ডিও ইস্যু করা হয়েছে। ইউনিয়ন সমূহ- ১। কচুকাটা, ২। ইটাখোলা, ৩। কুন্দপুকুর, ৪। সোনারায়, ৫। সংগলশী ও ৬। লক্ষীচাপ।<br>(৯) **খাদ্যবান্ধব কর্মসূচীঃ**<br>নীলফামারী সদর উপজেলার ১৫টি ইউনিয়নে গত আগষ্ট ২৩ মাসে সরকারী নির্দেশনার প্রেক্ষিতে অনুমোদিত ৩০৬৬৮ জন ভোক্তাকে সেপ্টেম্বর/২০২৩ ও অক্টোবর/২০২৩ ০২(দুই) মাসের (৩০+৩০)=৬০ কেজি চাল একই সাথে অগ্রিম বিলি বিতরণ করা হয়েছে। বর্তমানে খাদ্য অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক মৃত ভোক্তাদের তথ্যাদি হালনাগাদকরণের কাজ সম্পন্ন করা হয়েছে। নির্ধারিত সময়ে ১৫/১০/২০২৩খ্রিঃ তারিখ পর্যন্ত উপজেলার বিভিন্ন ইউনিয়ন হতে প্রাপ্ত ৫১ জন মৃত ভোক্তার তথ্য ডাটাবেজে আপলোড করা হয়েছে। পরবর্তীতে ইউনিয়ন হতে মৃত ভোক্তার তথ্য প্রাপ্তি এবং সরকারি নির্দেশনা মোতাবেক পুনরায় ডাটাবেজে আপলোড করা হবে। | | |
| ১৮. উপজেলা পরিসংখ্যান বিভাগঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি নিম্নোক্তভাবে তার দপ্তরের সেপ্টেম্বর ২০২৩ মাসের কার্যক্রম সভায় উপস্থাপন করেন।<br>১৮.১। পাট ফসলের আনুমানিক হিসাব তথ্য জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.২। আমন ফসলের পূর্বাভাস (অংশ-১) জরিপ প্রতিবেদন জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.৩। ভূমি ব্যবহার ও সেচ পরিসংখ্যান জরিপ প্রতিবেদন জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.৪। এসভিআরএস প্রকল্পের আওতায় জনতাত্বিক বিভিন্ন সূচক নির্ধারণের জন্য নীলফামারী সদর উপজেলার ৩টি নমুনা এলাকায় স্থানীয় রেজিস্টার ও সুপারভাইজারগণের মাধ্যমে তথ্য সংগ্রহের কাজ চলমান রয়েছে।<br>১৮.৫। উপজেলার প্রত্যেক ইউনিয়নে কৃষি মজুরির তথ্য সংগ্রহপূর্বক প্রতিবেদন জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে এবং বন জরিপ তথ্য জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। | সকল প্রকার তথ্য নির্ধারিত সময়ের মধ্যে জেলা কার্যালয়ে প্রেরণ করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা নীলফামারী সদর। |
| ১৯. উপজেলা আনসার ও ভিডিপি বিভাগঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়, নীলফামারী সদর এর উপজেলা আনসার কোম্পানী কমান্ডার/সহকারী কমান্ডার ও ইউনিয়ন দলনেতা/ দলনেত্রীদের নিয়ে নিয়মিত মাসিক সভার আয়োজন করা হয়। উক্ত সভায় বাল্য বিবাহ রোধ, স্বাস্থ্য সম্মত স্যানিটেশন, বৃক্ষরোপন, মাদক বিরোধী কর্মকান্ড ইত্যাদি সম্পর্কে আলোচনা করা হয়। মাসিক সভায় বিগত মাসের সার্বিক কর্মকান্ড সম্পর্কে আনসার ও ভিডিপি সদস্যদের মধ্যে আলোচনা করা হয় এবং তাদের দায়িত্ব এবং কর্তব্য সম্পর্কে দিক নির্দেশনা প্রদান করা হয়। এছাড়াও আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে যে কোন ধরণের নাশকতামূলক কর্মকান্ড প্রতিহত করার জন্য এবং আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য আনসার ও ভিডিপি সদস্য ও সদস্যাদের নির্দেশ প্রদান করা হয়। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সর্বদা সজাগ থাকতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা নীলফামারী সদর। |
| ২০. বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষঃ সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, নীলফামারী সভায় জানান যে, নীলফামারী সদর উপজেলায় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ৬১টি গভীর নলকূপ রবি মৌসুমে সেচের জন্য প্রস্তুত করা হচ্ছে। নীলফামারী সদর উপজেলার পঞ্চপুকুর ইউনিয়ন ও মৌজায় জেএল নং-৫১, দাগ নং-১২৩৩৩ এবং জেএল নং-৫১, দাগ নং-১৩১৩১ তফসিলভূক্ত স্থানে দুটি এলএলপি স্থাপনের লক্ষ্যে সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। এছাড়াও বিএমডিএ নীলফামারী কর্তৃক সদর উপজেলায় খাল, খাড়ি, খাস জলাশয় ও পুকুর খননের নিমিত্তে তালিকা দাখিলের জন্য সকলের দৃষ্টি আকর্ষন করেন। তিনি আরও জানান যে, বিএমডিএ'র নিজস্ব ব্যবস্থাপনায় ও অর্থায়নে তিন তলা উর্দ্ধমুখী সম্প্রসারণ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | ১। প্রস্তাবিত মৌজা দুইটি এলএলপি বিধিমোতাবেক স্থাপন কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | সহকারী প্রকৌশলী বিএমডিএ, নীলফামারী |
| ২১. আইসিটি বিভাগঃ সহকারী প্রোগ্রামার জানান যে, হার পাওয়ার প্রকল্পের আওতায় প্রশিক্ষণার্থী নির্বাচনের কার্যক্রম চলমান রয়েছে। | প্রশিক্ষণার্থী বাছাইপূর্বক জরুরি ভিত্তিতে প্রশিক্ষণ কার্যক্রম শুরু করতে হবে। | সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর নীলফামারী সদর |

চলমান

CamScanner

| | | |
|---|---|---|
| ২২. বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন(ক্ষুদ্রসেচ): কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপসহকারী প্রকৌশলী জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপসহকারী প্রকৌশলী বিএডিসি(ক্ষুদ্রসেচ) নীলফামারী সদর। |
| ২৩. নির্বাচন কমিশনঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান যে, ভোট কেন্দ্র হিসেবে ব্যবহৃত হবে এরুপ দুইটি প্রাথমিক বিদ্যালয়ের ভবন নির্মান কাজ চলমান রয়েছে। ভোট গ্রহণের পরিবেশ করতে ভবনের ছাদ দ্রুত ঢালাই করা প্রয়োজন। এ বিষয়ে তিনি উপজেলা প্রকৌশলী ও উপজেলা শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষন করেন। তিনি আরও জানান যে, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে বিভিন্ন স্তরের নিরাপত্তা রক্ষাকারী বাহিনীসহ প্রশাসনের কর্মকর্তাগণ গাড়িতে চড়ে সহজে ভোট কেন্দ্র পরিদর্শন করতে পারে সেজন্য গ্রামীণ রাস্তার পাশে ধান/খড়ের পালা যাতে কৃষকরা না দেয় সেজন্য জনসচেতনতা বৃদ্ধির জন্য তিনি সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | ১। প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। ভোট কেন্দ্র হিসেবে ব্যবহৃত হবে এরুপ দুইটি প্রাথমিক বিদ্যালয় ভবনের ছাদ ঢালাইয়ের জন্য উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>৩। গ্রামীণ রাস্তার পাশে কৃষকরা যাতে ধান/ খড়ের পালা যাতে না দেয় সেজন্য জনসচেতনতা বৃদ্ধির জন্য ইউপি চেয়ারম্যানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ১। উপজেলা প্রকৌশলী নীলফামারী সদর।<br>২। উপজেলা নির্বাচন অফিসার, নীলফামারী সদর<br>৩। ইউপি চেয়ারম্যান সকল, নীলফামারী সদর |
| ২৪. উপজেলা পাট উন্নয়ন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা জানান যে, | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| ২৫. উপজেলা তথ্য কেন্দ্র, তথ্য আপাঃ প্রকল্প (২য় পর্যায়) কার্যপত্র পাওয়া যায়নি। তবে তথ্যসেবা কর্মকর্তা জানান যে, প্রকল্প কার্যালয় হতে নির্দেশিত সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | ১। প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। দাপ্তরীক কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা তথ্যকেন্দ্র, নীলফামারী সদর। |
| ২৬. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পঃ উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৬ষ্ঠ পর্যায়ের বরাদ্দকৃত অর্থে মাধ্যমিক বিদ্যালয়ে উচুঁ-নিচুঁ বেঞ্চ সরবরাহকরণ এবং কমিউনিটি ক্লিনিকের সাথে নতুন ৩টি ডেলিভারি রুম নির্মানের প্রস্তাব প্রকল্প কার্যালয় কর্তৃক অনুমোদিত হয়েছে। প্রকল্প দুটি বাস্তবায়নের জন্য ইজিপি'র মাধ্যমে দরপত্র আহবান করা হয়েছে। অতিশীঘ্রই ঠিকাদার নির্বাচন কার্যক্রম সম্পন্ন করে কার্যাদেশ প্রদান করা হবে। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প কার্যালয় হতে প্রকল্প দুটি বাস্তবায়নের জন্য ইজিপি'র মাধ্যমে ঠিকাদার নির্বাচন কাজ সম্পন্ন করতে হবে। | উপজেলা প্রকৌশলী নীলফামারী সদর। |

সভায় জানানো হয় যে, আগস্ট, ২০২৩খ্রি. মাসে নিম্নবর্ণিত ব্যয় করা হয়েছে। যা সভায় অনুমোদন প্রয়োজন। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত খরচের ব্যয়োত্তর অনুমোদন করা হয়।

| রাজস্ব বিল নং | তারিখ | বিলের বর্ণনা | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ১০/২০২৩-২৪ | ০৩/০৯/২০২৩খ্রি. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর আগস্ট ২০২৩ মাসের সম্মানী ও বাড়ী ভাড়া ভাতা বিল। | ৪৫,০০০.০০ |
| ১১/২০২৩-২৪ | ০৩/০৯/২০২৩খ্রি. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর আগস্ট ২০২৩ মাসের সম্মানী ভাতা বিল। | ২৭,০০০.০০ |
| ১২/২০২৩-২৪ | ০৩/০৯/২০২৩খ্রি. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর আগস্ট ২০২৩ মাসের সম্মানী ভাতা বিল। | ২৭,০০০.০০ |
| ১৩/২০২৩-২৪ | ০৩/০৯/২০২৩খ্রি. | উপজেলা পরিষদে কাজ নাই মজুরি নাই ভিত্তিতে কর্মরত ২জন কর্মচারির আগস্ট ২০২৩ মাসের মজুরি বিল। | ২৬,০০০.০০ |
| ১৪/২০২৩-২৪ | ২১/০৯/২০২৩খ্রি. | উপজেলা পরিষদের জুলাই ও আগস্ট ২০২৩ মাসের আপ্যায়ন ব্যয় বিল। | ৬০,০০০/- |
| ১৫/২০২৩-২৪ | ২১/০৯/২০২৩খ্রি. | উপজেলা পরিষদের জুলাই ও আগস্ট ২০২৩ মাসের আনুষঙ্গিক ব্যয় বিল। | ১০,০০০/- |
| ১৬/২০২৩-২৪ | ২৪/০৯/২০২৩খ্রি. | উপজেলা পরিষদের আবাসিক ভবন পদ্মা মেরামত ব্যয় বিল। | ২৫,০০০/- |
| ১৭/২০২৩-২৪ | ২৪/০৯/২০২৩খ্রি. | উপজেলা পরিষদের জন্য ১টি আলমারী ক্রয় ব্যয় বিল। | ২৫,০০০/- |
| ১৮/২০২৩-২৪ | ২৪/০৯/২০২৩খ্রি. | উপজেলা পরিষদের আবাসিক ভবন যমুনা মেরামত ও সংস্কার ব্যয় বিল। | ২৫,০০০/- |
| ১৯/২০২৩-২৪ | ২৪/০৯/২০২৩খ্রি. | উপজেলা পরিষদের আবাসিক ভবন তিস্তা এর টয়লেট ও পানির লাইন মেরামত ব্যয় বিল। | ২৫,০০০/- |
| ২০/২০২৩-২৪ | ২৪/০৯/২০২৩খ্রি. | উপজেলা পরিষদের আবাসিক ভবন কর্ণফুলীর টয়লেট মেরামত ব্যয় বিল। | ২৫,০০০/- |
| ২১/২০২৩-২৪ | ২৪/০৯/২০২৩খ্রি. | উপজেলা পরিষদের পুরাতন প্রশাসনিক ভবনের বৈদ্যুতিক লাইন ও সিলিং ফ্যান পুনস্থাপন ব্যয় বিল। | ২৫,০০০/- |
| ২২/২০২৩-২৪ | ২৪/০৯/২০২৩খ্রি. | উপজেলা পরিষদের পুরাতন প্রশাসনিক ভবনের দ্বিতীয় তলার ২টি দরজা পুনস্থাপন ব্যয় বিল। | ২৫,০০০/- |
| ২৩/২০২৩-২৪ | ২৪/০৯/২০২৩খ্রি. | জাতীয় স্থানীয় সরকার দিবস ২০২৩ উদযাপন ব্যয় বিল। | ২৪,৯৯০/- |

চলমান

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ২৪/২০২৩-২৪ | ২৪/০৯/২০২৩খ্রি. | বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২৩ পরিচালনায় উপজেলা শিক্ষা অফিসার, নীলফামারী সদরকে আর্থিক সহায়তা প্রদান বিল। | ৩০,০০০/- |
| ২৫/২০২৩-২৪ | ২৪/০৯/২০২৩খ্রি. | গ্রীষ্মকালীন কাবাডি প্রতিযোগিতায় বিভাগীয় পর্যায়ের খেলায় অংশ গ্রহণের জন্য প্রধান শিক্ষক, খোকশাবাড়ী মনির উদ্দিন উচ্চবিদ্যালয়কে আর্থিক সহায়তা প্রদান বিল। | ১০,০০০/- |
| ২৬/২০২৩-২৪ | ২৪/০৯/২০২৩খ্রি. | টুপামারী ইউনিয়নে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ ১টি পরিবারকে উপজেলা পরিষদের অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সহায়তা প্রদান বিল। | ৫,০০০/- |
| ২৭/২০২৩-২৪ | ২৪/০৯/২০২৩খ্রি. | উপজেলা পরিষদের জিপগাড়ি নং-নীলফামারী ঘ ১১০০২৩ এর জুলাই, আগস্ট ও সেপ্টেম্বর ২০২৩ মাসের জ্বালানী বিল মেসার্স মুক্তা ফিলিংস্টেশনকে প্রদান। | ৭৫,৭৫০/- |

**আলোচ্যসূচি বিবিধ ০২। দুবাছুরি ও নৃসিংহ মৌজার মাঝখান দিয়া বহিয়া যাওয়া বুড়িখোড়া নদীর উপর নির্মিত সেতু এর নাম "বীর মুক্তিযোদ্ধা কিরন সেতু" নামকরণের প্রস্তাব অনুমোদন প্রসঙ্গে।**

সভায় আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, নীলফামারী সদর উপজেলাধীন দুবাছুরি ও নৃসিংহ মৌজার মাঝখান দিয়া বহিয়া যাওয়া বুড়িখোড়া নদীর উপর নির্মিত সেতু এর নাম "বীর মুক্তিযোদ্ধা কিরন সেতু" নামকরণের জন্য বীর মুক্তিযোদ্ধা জনাব শ্যামচরণ রায় গত ০৭/১০/২০২৩ তারিখ চেয়ারম্যান, লক্ষীচাপ ইউনিয়ন পরিষদ, নীলফামারী সদর এর সুপারিশসহ আবেদন দাখিল করেছেন। স্থানীয় সরকার বিভাগ, উন্নয়ন-২ শাখা এর ২৮ মার্চ ২০১৯ তারিখের ৩০৭ নম্বর অফিস আদেশ মোতাবেক স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় নির্মিত সড়ক ও অন্যান্য অবকাঠামোসমূহ বীর মুক্তিযোদ্ধাদের নামে নামকরণের বিষয়ে উপজেলা পরিষদ এবং জেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির সুপারিশ প্রেরণের নির্দেশনা রয়েছে। সভায় বর্ণিত প্রস্তাবের উপর বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ নীলফামারী সদর উপজেলাধীন দুবাছুরি ও নৃসিংহ মৌজার মাঝখান দিয়া বহিয়া যাওয়া বুড়িখোড়া নদীর উপর নির্মিত সেতু এর নাম "বীর মুক্তিযোদ্ধা কিরন সেতু" নামকরণের প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে অনুমোদন এবং জেলা প্রশাসক, নীলফামারী মহোদয় বরাবর প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীয় হয়।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২০.১০.২০২৩
(শাহিদ মাহমুদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নীলফামারী সদর, নীলফামারী।

CamScanner

# উপজেলা পরিষদ

নীলফামারী সদর, নীলফামারী।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-০৫.৪৭.৭৩৬৪.০০০.০৯.০০২.২১. ৫১(৫০)

তারিখঃ ০৭ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
২৩ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ১৩ নীলফামারী-২ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, নীলফামারী সদর।

০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

০৫। জেলা প্রশাসক, নীলফামারী।

০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, নীলফামারী।

০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

০৮। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

০৯। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

১০। উপজেলা..........................................................অফিসার, নীলফামারী সদর, নীলফামারী।

১১। চেয়ারম্যান,........................................................ইউপি(সকল), নীলফামারী সদর, নীলফামারী।

২৩/১০/২০২৩


মোঃ মেহেদী হাসান
উপজেলা নির্বাহী অফিসার
নীলফামারী সদর, নীলফামারী।
ফোন নম্বর ০২৫৮৯৯৫৫১৮১
ই-মেইলঃ unonilphamari@mopa.gov.bd


২৩/১০/২০২৩

CamScanner